চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৩ জুলাই ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২৪ তম সাধারণ সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাচিত ৫ম পরিষদের ২৪ তম সাধারণ সভা ২৩ জুলাই ২০১৭ খ্রি. রোববার, দুপুরে কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। সভায় নির্বাচিত পরিষদের সাধারণ ওয়ার্ড ও সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর, অফিসিয়্যাল কাউন্সিলর সহ সিটি কর্পোরেশনের বিভাগীয় প্রধানগণ উপস্থিত ছিলেন। চসিক এর সচিব মোহাম্মদ আবুল হোসেন এর উপস্থাপনায় অনুষ্ঠিত ২৪ তম সাধারণ সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলোয়াত ও মোনাজাত করা হয়। সভায় বিগত সাধারণ সভার পর থেকে ২৪ তম সাধারণ সভা পর্যন্ত সময়ে নগরীর ৩৮ নং ওয়ার্ড এর সাবেক কাউন্সিলর আবুল হাশেম চৌধুরী সহ নগরীতে মৃত্যুবরণকারীদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। এ ছাড়াও মোনাজাতে চট্টগ্রাম সহ দেশ ও জাতির উন্নতি এবং সমৃদ্ধি কামনা করা হয়। সভায় বিগত ২১ জুলাই ২০১৭ খ্রি. অনুষ্ঠিত ২৩ তম সাধারন সভার কার্যবিবরনী অনুমোদন, স্থায়ী কমিটি সমূহের কার্যবিবরনী আলোচনান্তে অনুমোদন করা হয়। সভায় আমন্ত্রিত অতিথি হিসেবে সিএমপি'র অতিরিক্ত পুলিশ কমিশনার দেব দাস মাদক ও ট্রাফিক ব্যবস্থাপনা বিষয়ে পুলিশের কার্যক্রম তুলে ধরেন। সভার সভাপতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, নগরীর প্রধান সড়ক সহ ৯৮৬.৮৭ কি.মি. সড়ক এলইডি লাইটিং এর আওতায় আনার লক্ষ্যে পরিকল্পনা গ্রহন করা হয়েছে। এছাড়াও ইতোমধ্যে পাইলট প্রকল্পের আওতায় ১.৭৫ কি. মি. সড়ক এলইডি'র আওতায় আনা হয়েছে এবং জাইকার অর্থায়নে ৮ কি.মি. এলাকায় এলইডি বাতি স্থাপন করা হবে। মেয়র বলেন, নগরীর রাস্তাঘাট ও অবকাঠামোগত উন্নয়নে চসিক ৬৫২৪ কোটি টাকার পৃথক ৩ টি প্রকল্প গ্রহণ করেছে। যা অনুমোদনের অপেক্ষায় আছে। মেয়র আ জ ম নাছির উদ্দীন সকল স্থায়ী কমিটিগুলোকে স্বচ্ছতা ও জবাবদিহিতার ভিত্তিতে নাগরিক সেবা সংক্রান্ত যাবতীয় বিষয়ে প্রস্তাবনা ও সুপারিশ পেশ করার জন্য কমিটিগুলোকে গতিশীল করার পরামর্শ দেন। তিনি নাগরিকদের অভাব অভিযোগ ও সেবা সংক্রান্ত যে কোন তথ্য ওয়ার্ড কার্যালয় সহ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান কার্যালয়ে স্থাপিত হান্টিং নম্বরে জানানোর আহবান জানান। মেয়র মাদকের মত ঘৃন্য কার্যক্রম সম্পর্কে ওয়ার্ড ভিত্তিক নাগরিকদের সচেতন করার উপর জোর দিয়ে বলেন, যানজট ও মাদক নাগরিক জীবনকে দূর্বিসহ পর্যায়ে পৌছে দিয়েছে। মাদক সমাজের ঘাতকব্যাধি হিসেবে আবির্ভূত হয়েছে। মাদক সেবন এবং বাজারজাত করন বিষয়ে নাগরিকদের সচেতন করার জন্য মেয়র কাউন্সিলরদের পরামর্শ দেন। ২৪ তম সাধারন সভায় মেয়র আসন্ন জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে মানববন্ধন,আলোচনা সভা,চিত্রাংকন প্রতিযোগিতা, খতমে কোরআন, এতিম সমাবেশ ও তবারুক বিতরন কর্মসুচি ঘোষনা করেন। তিনি মেয়র ও কাউন্সিলর এর দায়িত্ব গ্রহনের ২য় বর্ষপূর্তি উপলক্ষে ২৬ জুলাই বেলা ১১ টায় নগরীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট মিলনায়তনে সুধি সমাবেশ এবং ২৫ জুলাই উন্নয়ন কার্যক্রমের উপর চট্টগ্রাম এর স্থানীয় পত্রিকায় ২ পৃষ্ঠার ক্রোড়পত্র প্রকাশের সিদ্ধান্ত সভাকে অবহিত করেন। সভায় নারী ও শিশু নির্যাতন, ধর্ষন ও হত্যা আশংকাজনক হারে বৃদ্ধির বিষয়টি বিবেচনায় এনে এ বিষয়ে জনসচেতনতা সৃষ্টি, যৌতুক বিরোধী সচেতনতা সৃষ্টি, মাদক ও জঙ্গীবাদ বিষয়ে নাগরিক সচেতনতা সৃষ্টি, ছাদ বাগান কার্যক্রম জোরদার করা, ওয়ার্ড ভিত্তিক বৃক্ষ রোপন অভিযান পরিচালনা করা, ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোধে মশক নিধন কার্যক্রম এবং জনসচেতনতা জোরদার করা, স্বাভাবিক পানি চলাচলে বিদ্যমান সকল প্রতিবন্ধকতা নিরসন করা, ক্ষতিগ্রস্ত সড়ক সমূহ দ্রুত সংস্কার করা, ওয়াসার উন্নয়ন কাজের সাথে সমš^য় করে নগর অবকাঠামো উন্নয়ন কার্যক্রম গ্রহন করা, পৌরকর আদায় গতিশীল করা সহ জনস্বার্থে কতিপয় প্রস্তাব গৃহিত হয়।

চট্টগ্রাম-২৩ জুলাই ২০১৭ খ্রি.

সিটি মেয়রের শোক

চট্টগ্রাম উত্তর জেলা আওয়ামীলীগ নেতা এবং বাওয়া স্কুল ও কলেজ পরিচালনা কমিটির সদস্য রোটারিয়ান আনোয়ারুল হকের মৃত্যুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন । তিনি ২৩ জুলাই ২০১৭ খ্রি. রোববার এক শোক বার্তায় মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত এবং শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি সমবেদনা জানান।
চট্টগ্রাম-২৩ জুলাই ২০১৭ খ্রি.

প্রায় সাড়ে ৩ কোটি টাকা ব্যয়ে কে সি দে রোড, লালদিঘীর পাড় ও জেল রোড এর নালা নির্মাণ কাজের উদ্বোধন করলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ধারাবাহিক উন্নয়ন কাজের অংশ হিসেবে নগরীর ৩২নং আন্দরকিল্লা ওয়ার্ডস্থ কে সি দে রোড, লালদিঘীর পাড় ও জেল রোড এর নালা নির্মাণ কাজের উদ্বোধন করলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন। এডিপি'র অর্থায়নে প্রায় সাড়ে ৩ কোটি টাকা ব্যয়ে এ সকল নালা নির্মিত হবে। মেসার্স সেলিম এন্ড সন্স উক্ত কাজের ঠিকাদারী প্রতিষ্ঠান। ২৩ জুলাই ২০১৭ খ্রি. রোববার, সকালে ফলক উন্মোচন ও মোনাজাত এর মধ্য দিয়ে নালা উন্নয়ন কাজের উদ্বোধন শেষে সুধী সমাবেশে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বলেন, চলতি অর্থ বছরে ৭শত ১৬ কোটি টাকার এডিপি'র বরাদ্দের উন্নয়ন কার্যক্রম চলমান আছে। এ ছাড়াও জলাবদ্ধতা নিরসন, সড়ক ও অবকাঠামো উন্নয়নে ৮০৪ কোটি টাকার একটি প্রকল্প একনেকে উপস্থাপনের অপেক্ষায় আছে। তিনি বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন গৃহীত প্রকল্পের মধ্যে ৬ হাজার ৫শত ২৪ কোটি টাকার পৃথক ৩টি প্রকল্প চূড়ান্ত অনুমোদনের পর্যায়ে আছে। এর মধ্যে সড়ক ও অবকাঠামোগত উন্নয়নে গৃহীত ৯২৪ কোটি টাকার ২টি প্রকল্প রয়েছে। এ সকল প্রকল্প আগামী একনেক সভায় উপস্থাপন হতে পারে। ৫ হাজার ৬শত কোটি টাকার একটি প্রকল্প চীনের সাথে জিটুজি এর মাধ্যমে বাস্তবায়নের জন্য পিআরডিতে পাঠানো হয়েছে। এছাড়াও এলইডি লাইটিং এর জন্য অপর একটি প্রকল্প তৈরি হচ্ছে। মেয়র বলেন, সাম্প্রতিক বর্ষণে ক্ষতিগ্রস্ত সড়ক মেরামত করণের লক্ষ্যে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নিকট ৫শত কোটি টাকা থোক বরাদ্দ চাওয়া হয়েছে। এ ছাড়াও সরকারের প্রতিশ্রুত উন্নয়ন কর্মকান্ড পরিচালনা অব্যাহত রাখার স্বার্থে অর্থ মন্ত্রণালয়ের নিকট ২ হাজার ৫শত কোটি টাকা বরাদ্দ চেয়ে উপানুষ্ঠানিক পত্র প্রেরণ করা হয়েছে। সিটি মেয়র তাঁর মেয়াদের মধ্যে প্রতিশ্রুত সকল উন্নয়ন কার্যক্রম সমাপ্ত করার আশাবাদ ব্যক্ত করেন। সুধি সমাবেশে সভাপতিত্ব করেন ৩২ নং ওয়ার্ড কাউন্সিলর জহর লাল হাজারী। এসময় কাউন্সিলর শৈবাল দাশ সুমন, রাউজান উপজেলা চেয়ারম্যান এহছানুল হায়দার চৌধুরী বাবুল, চসিক জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, উপ সহকারী প্রকৌশলী মানষ কুসুম চৌধুরী, আন্দরকিল্লা ওয়ার্ড আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক দিদারুল আলম, জসিম উদ্দিন, মহানগর আওয়ামী স্বেচ্ছাসেবকলীগ নেতা জানে আলম, আন্দরকিল্লা ওয়ার্ড আওয়ামীযুবলীগের সহ সভাপতি ইউসুফ হারুন মাসুদ, তপন সরকার, ছাত্রলীগ নেতা রুবেল, সঞ্জয় মহাজন ও মামুন সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম-২৩ জুলাই ২০১৭ খ্রি.

চট্টগ্রাম কেন্দ্রিয় করাগারে বিদেশী বন্দীদের মাঝে উপহার সামগ্রী বিতরণ করলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন

আন্তর্জাতিক রেডক্রস সোসাইটি প্রেরিত উপহার সামগ্রী ২৩ জুলাই ২০১৭ খ্রি. রোববার সকালে চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারে বিদেশী বন্দীদের মাঝে বিতরণ করা হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি চট্টগ্রাম সিটি ইউনিটি এর সভাপতি আ জ ম নাছির উদ্দীন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি ও সিটি ইউনিটি এর নেতৃবৃন্দের উপস্থিতিতে চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারে বিদেশী বন্দীদের মাঝে ডিআইজি প্রিজন, জেল সুপার ও জেলারের মাধ্যমে উপহার সামগ্রী বিতরণ করেন। এ সময় রাউজান উপজেলা চেয়ারম্যান এহছানুল হায়দার চৌধুরী বাবুল, কাউন্সিলর শৈবাল দাশ সুমন, কারাপরিদর্শক বৃন্দ, চট্টগ্রাম জেলা কারাগারের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম-২৩ জুলাই ২০১৭ খ্রি.

পরিকল্পিত নগরী গঠনে পারিবারিক ভূমিকা শির্ষক পরামর্শ সভায়
মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, পরিকল্পিত নগরায়ন ছাড়া নাগরিক সেবা শতভাগ নিশ্চিত করা সম্ভব নয়। পরিবার, সমাজ ও রাষ্ট্রে সকলের সম্মিলিত প্রয়াসে নাগরিক চাহিদা নিশ্চিত হয়। তিনি বলেন, রাষ্ট্র পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করে, তবে পরিবারের সকল সদস্যের চাহিদা পরিকল্পনা প্রণয়নে আমলে আনতে হয়। বাংলাদেশের বাস্তবতায় পরিবার যদি সজাগ ও সচেতন হয় এবং পরিকল্পনা গ্রহনে পারদর্শিতা অর্জন করতে পারে সেক্ষেত্রে পরিকল্পিত নগরী গঠনে পরিবার সহায়ক ভূমিকা পালন করতে পারে। তিনি চট্টগ্রাম নগরীর ক্ষেত্রে সকল পরিবারকে সচেতনতার সাথে নাগরিক সেবা ও পরিকল্পিত নগর গঠনে সহায়তার আহবান জানান। ২২ জুলাই ২০১৭ খ্রি. শনিবার রাতে নগরীর পলোগ্রাউন্ডস্থ ওয়াজিউল্লাহ ইনস্টিটিউট মিলনায়তনে তারুন্য আয়োজিত পরিকল্পিত নগরী গঠনে পারিবারিক ভূমিকা শির্ষক পরামর্শ সভায় প্রধান অতিথির ভাষনে মেয়র এ আহবান জানান। সংগঠনের সভাপতি আবদুর রশিদ লোকমান এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত পরামর্শ সভায় বিশেষ অতিথি ছিলেন ডেপুটি এটর্নি জেনারেল ও বিজ্ঞ আইনজীবি এ এইচ এম জিয়া উদ্দিন, চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের সভাপতি রিয়াজ হায়দার চৌধুরী, চট্টগ্রাম ক্লাব পরিচালনা কমিটির সদস্য ও চট্টগ্রাম মহানগর আওয়ামীস্বেচ্ছাসেবকলীগের যুগ্ম আহবায়ক সালাহ উদ্দিন আহমদ, ৭ নং ওয়ার্ড কাউন্সিলর মো. মোবারক আলী, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আবিদা আজাদ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, বন্দর শ্রমিক নেতা কাজী আবদুস সাদেক নান্না, আওয়ামীস্বেচ্ছাসেবকলীগ নেতা জাবেদুল ইসলাম শিপন, তারুন্যের সাধারন সম্পাদক লায়ন মো. নিজাম উদ্দিন, লেখক ও ছড়াকার ফারজানা রহমান শিমুর উপস্থাপনায় অনুষ্ঠিত সভায় আরো বক্তব্য রাখেন তারুন্যের সংগঠক ও সমাজ সেবক সৈয়দ আছরা উল্লাহ আদিল, মফিজুর রহমান দুলাল, হুমায়ুন কবির হাসান মিন্টু, জাহেদুল আমিন তারেক, এম এ নেওয়াজ, আইয়ুব চৌধুরী, আবু সুফিয়ান, নাসির উদ্দিন, ওসমান ফারুক বিবলু, জাহেদ আলম, রাশেদুল আলম রুশো, আলাউদ্দিন বাবু, সাহাবুদ্দিন সাইফ, যিশু দাশ, আবদুল্লাহ আল কাইয়ুম, তানজিদ কামরান, ইমরান আরেফিন সহ অন্যরা। সভায় সংগঠনের সভাপতি আবদুর রশিদ লোকমান তারুন্যের পক্ষ থেকে পরিকল্পিত নগরায়নের বিষয়ে কতিপয় প্রস্তাব ও কর্মপরিকল্পনা উপস্থাপন করেন। কর্মপরিকল্পনার মধ্যে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ঘরে ঘরে প্রচার পত্র বিলি এবং গন পরিবহনে নাগরিক সচেতনতা মুলক ষ্টিকার লাগানো এবং প্রচারনা চালানো, মাননীয় মেয়র এর উপস্থিতিতে সারপ্রাইজ প্রচার অভিযান,পরিবেশ বান্ধব নগরী গড়ে তোলার লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক অপসারিত ডাষ্টবিনের জায়গায় ফলজ বৃক্ষ রোপন এবং আলপনা আঁকা, খাল দখলের অভিপ্রায় থেকে এবং খালে আবর্জনা ফেলার অভ্যাস পরিবর্তনের জন্য খালের দুইপাড়ের বাসিন্দাদের মাঝে সচেতনতা বৃদ্ধি করা, থানা ও ওয়ার্ড পর্যায়ে পরিকল্পিত নগরায়ন বিষয়ে পরামর্শ সভার আয়োজন করা, শর্টফ্লিমের মাধ্যমে নাগরিক বদভ্যাস এবং তা থেকে উত্তোরনের লক্ষ্যে পাড়ায় মহল্লায় শর্টফিল্ম প্রদর্শন করা, পরিকল্পিত নগরায়নে অবদানের জন্য সচেতন পরিবারকে পুরষ্কার প্রদান করা ইত্যাদি।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা